APR. 22 2007-

দৈনিক জনকণ্ঠ

তারিখ
পৃষ্ঠা ... কলাম
পৃষ্ঠা ৫ কলাম

# রাজশাহীর শহরের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শাহাদাত-ই-আল হিকমার রহস্যজনক পোস্টার

রাজশাহী, ১১ এপ্রিল, সংবাদদাতা- ॥ 'অস্ত্রের সদ্ব্যবহারই অন্যায় নির্মূলের একমাত্র উপায়,' 'আন্তর্জাতিক সন্ত্রাস দমন বাহিনী দেশ ও জনগণের একমাত্র বন্ধু' প্রভৃতি শ্লোগান সংবলিত 'শাহাদাত-ই-আল হিকমা' নামের একটি আন্তর্জাতিক উগ্র মৌলবাদী সংগঠনের হাজার হাজার পোস্টারে ছেয়ে গেছে রাজশাহী মহানগরীর প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের দেয়াল। এসব পোস্টারে লেখা উস্কানিমূলক শ্লোগানে ছাত্রছাত্রীসহ নগরবাসীর মাঝে ছড়িয়ে পড়েছে আতঙ্ক।

## এলাকায় আতঙ্ক

খোঁজ নিয়ে জানা গেছে, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বিআইটি, রাজশাহী মেডিক্যাল কলেজ, রাজশাহী কলেজ, নিউ গভঃ ডিগ্রী কলেজসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের দেয়ালে সাঁটানো হয়েছে উগ্র মৌলবাদী সংগঠন 'শাহাদাত-ই-আল হিক্মা'র সহস্রাধিক পোস্টার। পোস্টারের একেবারে উপরে যে বাক্যটি লেখা রয়েছে তাতে যে কোন মানুষের মনে আতঙ্কের সৃষ্টি হতে পারে। বাক্যটি হলো 'অস্ত্রের সদ্ব্যবহারই অন্যায় নির্মূলের একমাত্র উপায়'। এদিকে এতগুলো পোস্টার একদিনে কিভাবে সাঁটানো হলো তা নিয়ে নগরবাসীর মনে প্রশ্নের উদ্রেক হয়েছে। অনেকের ধারণা, কোন রাজনৈতিক সংগঠনের ইঙ্গিতেই এসব পোস্টার সাঁটানো হয়েছে। পোস্টারগুলোতে কোন্ প্রেসে মুদ্রিত কিংবা কোন প্রকাশকের নাম নেই। অপরদিকে, পোস্টারগুলো নিয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ, গোয়েন্দা বিভাগ ও পুলিশ বিপাকে পড়েছে। ধারণা করা হচ্ছে, আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে নগরবাসীর মাঝে আতঙ্ক কিংবা কোন রাজনৈতিক সহিংসতা ঘটিয়ে ওই সংগঠনের ওপর দায়িত্ব চাপিয়ে দেয়ার উদ্দেশ্যে পোস্টারগুলো সাঁটানো হয়েছে। গোয়েন্দা বিভাগের একটি সূত্র দাবি করেছে, শুধুমাত্র রাজশাহীর শিক্ষাঙ্গনগুলোতেই এসব পোস্টার সাঁটানো হয়েছে। সূত্র জানায়, রাজশাহী বিশ্ববিদ্যালয় বর্তমানে শিবিরের কব্জায়। আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে ক্যাম্পাসের দুই সহস্রাধিক ভোটকে কেন্দ্র করে যে সহিংসতার আশঙ্কা করা হচ্ছে; পোস্টারগুলো তারই আলামত। আর একটি সূত্র দাবি করেছে, পোস্টারগুলো শুধুমাত্র শিক্ষাঙ্গনে সাঁটানোর কারণে ধারণা করা হচ্ছে, পোস্টারগুলো কোন রাজনৈতিক ছাত্র সংগঠনের দ্বারা প্রচার করা হচ্ছে। এদিকে পোস্টারগুলোর ব্যাপারে আরমএপি'র ভারপ্রাপ্ত পুলিশ কমিশনার আমিনুল ইসলামের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জনকণ্ঠকে জানান, 'বিকৃত মস্তিষ্কের কিছু লোক রয়েছে যারা এসব পোস্টার ছাপিয়ে ফাজলামো করছে। আর আপনাদের মতো কিছু সাংবাদিক আছে যারা এ বিষয়গুলো নিয়ে পত্রিকায় সংবাদ ছাপিয়ে জনমণে আতঙ্ক সৃষ্টি করছে। আসলে বিষয়টি কিছুই নয়।'